

বসন্তে ফুল গাঁথল আমার  
জয়ের মালা ।

বইল প্রাণে দখিন হাওয়া  
আগুন-জ্বালা ॥

পিছের বাঁশি কোণের ঘরে  
মিছে রে ওই কেঁদে মরে -  
মরণ এবার আনল আমার  
বরণ-ডালা ॥

যৌবনেরি ঝড় উঠেছে  
আকাশ-পাতালে ।

নাচের তালের ঝঙ্কারে তার  
আমায় মাতালে ।

কুড়িয়ে নেবার ঘুচল পেশা,  
উড়িয়ে দেবার লাগল নেশা,  
আরাম বলে, 'এল আমার  
যাবার পালা' ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Style: Hameer-Baul  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail